

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৬৬(আগরতলা, ১৬।৫)
উদয়পুর, ১৬মে ২০১৮

কিন্লা ব্লকে সাক্ষরতা শিবির

কিন্লা ব্লকের কচিগাও এ ডি সি ভিলেজের খাবাক্ছা গ্রামীণ সংস্থার কার্যালয় প্রাঙ্গণে ভিলেজের স্বসহায়ক দলের মহিলাদের সাক্ষর করার জন্য এক শিবির আয়োজিত হয়। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন এবং কিন্লা মহিলা ক্লাস্টার বহুমুখী সমবায় সমিতির যৌথ উদ্যোগে এই শিবিরের আয়োজন করা হয়। এই শিবিরের উদ্বোধন করে বিধায়ক রামপদ জমাতিয়া বলেন, অর্থনৈতিক সমৃদ্ধির পাশাপাশি ব্লক এলাকার নাগরিকদের সাক্ষর করে তোলার জন্যই এই ধরনের কর্মসূচি হাতে নেয়া হয়েছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে কিন্লা ব্লকের বি ডি ও সঞ্জিত দেববর্মা সহ সংশ্লিষ্ট এলাকার জনগণ উপস্থিত ছিলেন। শিবিরে স্বসহায়ক দলের ৫০ জন মহিলা অংশ গ্রহণ করছেন।
